

১৭ সদস্যের কওমী মাদরাসা শিক্ষা কমিশন গঠিত

□ ঠাক রিপোর্টার
কওমী মাদরাসার শিক্ষা ব্যবস্থাপনা, শিক্ষাদানের বিষয় ও কওমী মাদরাসা শিক্ষা সনদের সরকারি স্বীকৃতির লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা কমিশন গঠন করেছে সরকার।
চট্টগ্রামের দারুল উলুম মঈনুল ইসলাম মাদরাসার মহাপরিচালক মওলানা আহমদ শফীকে চেয়ারম্যান করে ১৭ সদস্যের এ কমিশন গঠন করা হয়।
কমিশনকে ছয় মাসের মধ্যে সরকারের কাছে প্রতিবেদন/ সুপারিশ দিতে বলা হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে এ সভাসভা ৭৪১২ ফ ৪৮

১৭ সদস্যের ১৬-১৭ পৃষ্ঠার পর

একটি প্রস্তাবনা গৃহীত করে। কমিশনে ইকরা বাংলাদেশ-এর পরিচালক মওলানা আব্দুল করিম উদ্দীন মাসউদকে কো-চেয়ারম্যান করা হয়।
কমিশনে সদস্য পদে রয়েছেন চট্টগ্রামের জামেয়া দারুল মাআরিফ-এর মহাপরিচালক মওলানা সুলতান হুগক নবভী, পটুয়া মাদরাসার মহাপরিচালক মওলানা আব্দুল হারিস কোবালী, কুমিল্লার শায়খুল হাদীস জামেয়া কামেদুল উলুম মাদরাসার মওলানা আশরাফ আলী, কিশোরগঞ্জের জামেয়া ইমদাদিয়ায় মুহতামিম মওলানা আনোয়ার শাহ, বেফাকুল মাদারিসীন আরবিয়ার মহাসচিব মওলানা আব্দুল জব্বার, সিলেটের দক্ষিণকান্দি হোসাইনিয়া ইসলামিয়া মাদরাসার মওলানা আব্দুল বাসেত বরকতপুরি, ঢাকার মারকাযুল নাওয়াহ আল-ইসলামিয়ার মওলানা মুফতী আব্দুল মালেক, করিনাবাদ মাদরাসার মওলানা আব্দুল হুদুস, জামেয়া রাহমানিয়া আরবিয়ার মওলানা মুফতি আব্দুল হক, ইসলামিক রিসার্চ সেন্টারের মুফতি এনায়েত হক, হবিগঞ্জের মাদরাসা মুতে মদিনার মওলানা নূরুল ইসলাম ওশিপুরী, জামেয়া রাহমানিয়া আরবিয়ার মাদরাসার মওলানা হিফজুর রহমান, বতকার জামিল মাদরাসার মওলানা আব্দুল হক হকানী, পুনর্নায় জামেয়া দারুল উলুম মাদরাসার হাজরত মওলানা মোশতাক আহবাব ও সোপালগঞ্জের গওহরভায়া মাদরাসার মওলানা মুফতি ক্বদীর আমিনকে কমিশনের সদস্য মনোনীত করা হয়েছে।
কমিশন প্রয়োজনে আরও সদস্য কো-অপট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।
এ কমিশনকে কওমী মাদরাসার শিক্ষা ব্যবস্থাপনা ও শিক্ষাদানের বিষয়সহ কওমী মাদরাসা সনদের সরকারি স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নসহ কওমী মাদরাসার শিক্ষার উন্নয়ন/শ্রেণী বিন্যাস, শ্রেণী ও বিষয়ভিত্তিক শিক্ষা কারিকুলাম ও স্কোর সমন্বয়করণ, মূল্যায়ন প্রক্রিয়া নির্ধারণ, শিক্ষার মানোন্নয়ন ও কওমী মাদরাসা শিক্ষা সংশ্লিষ্ট উন্নয়নমূলক সব বিষয়ের রূপরেখা, বিধি প্রণয়ন, ধরন, পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত বিষয়াবলী সম্পর্কে সুপারিশ দিতে বলা হয়েছে।
কমিশনের কার্য পরিচালনার জন্য বাংলাদেশে ইসলামিক ফাউন্ডেশন সুবিধাজনকভাবে একটি অফিসের সংস্থান করবে।
এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড প্রয়োজনীয় আর্থিক সংস্থান, সহায়ক জীবন ও সরঞ্জামাদি সরবরাহসহ মাসিহিক দায়িত্ব পালন করবে।
কমিশনের চেয়ারম্যান, কো-চেয়ারম্যান, সদস্য মনোনীত ও সদস্যরা সরকার নির্ধারিত হারে সঞ্চয়ী পায়বন বলেও প্রস্তাবনা করা হয়েছে।